

নম্বর: ৩৭.০০.০০০০.১২৩.১৪.০০৫.১৭.২৯

তারিখ: ৩০ শ্রাবণ ১৪২৯

১৪ আগস্ট ২০২২

প্রাপক:

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার

শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

বিষয়: “সরকারি কলেজসমূহে বিজ্ঞান শিক্ষার সুযোগ সম্প্রসারণ” শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০২ (দুই) বছর মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত।

সূত্র: পরিকল্পনা কমিশনের পত্র নং-২০.০২.০০০০.০১৬.১৪.০৮৮.১৬/২৫৩, তারিখ: ০৭/০৮/২০২২ খ্রি:

আমি, নিম্নস্বাক্ষরকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক ০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০২২ মেয়াদে ২৫১১৫১.৩৪ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি) প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নাধীন “সরকারি কলেজসমূহে বিজ্ঞান শিক্ষার সুযোগ সম্প্রসারণ” শীর্ষক প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ০২ (দুই) বছর অর্থাৎ ৩০ জুন ২০২৪ পর্যন্ত বৃদ্ধির প্রশাসনিক অনুমোদনে নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে সম্মতি জ্ঞাপন করছি:

শর্তসমূহ:

ক) বর্ণিত সময়ের মধ্যে ডিপিপি সংশোধনপূর্বক আবশ্যিকভাবে আইএমইডি’কে অবহিত করতে হবে;

খ) যে সব শিক্ষা প্রতিষ্ঠানে ইতামেধ্যে নির্মাণ কাজ শেষ হয়েছে সে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানের নির্ধারিত শিক্ষা উপকরণ দ্রুততম সময়ের মধ্যে ক্রয় এবং সরবরাহপূর্বক ব্যবহার নিশ্চিত করতে হবে;

গ) প্রকল্পের কোন অঙ্গের ব্যয় ও পরিমাণ অনুমোদিত ডিপিপি’র সংস্থানের অতিরিক্ত করা যাবে না এবং এক অঙ্গের জন্য নির্ধারিত অর্থ অন্য অঙ্গে ব্যয় করা যাবে না; এবং

ঘ) প্রকল্পটি সমাপ্ত ঘাষণার পর যথাসময়ে (প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে) প্রকল্প সমাপ্তির প্রতিবেদন (পিসিআর) যথাযথ কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে।

...

I. Hossain

১৪-৮-২০২২

এস. এম. ইমরুল হাসান

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৫৫১০০৬১৪

ইমেইল:

planning.sec3@shed.gov.bd


নম্বর: ৩৭.০০.০০০০.১২৩.১৪.০০৫.১৭.২৯/১(৯)

তারিখ: ৩০ শ্রাবণ ১৪২৯

১৪ আগস্ট ২০২২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৩) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৭) প্রকল্প পরিচালক, সরকারি কলেজসমূহে বিজ্ঞান শিক্ষার সুযোগ সম্প্রসারণ প্রকল্প, শিক্ষা ভবন, ঢাকা।
- ৮) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



১৪-৮-২০২২

এস. এম. ইমরুল হাসান

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)